ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২ ১৮৭
আগরতলা, ৭ আগস্ট, ২০২৫

# প্রকাশিত সংবাদের প্রতিবাদ ও প্রকৃত তথ্য

গত ২৯ শে জুলাই ২০২৫ তারিখে ত্রিপুরা দর্পন পত্রিকায় প্রকাশিত "রেগার মজুরি পাচ্ছেনা শ্রমিকরা গ্রাম পাহাড়ে কাজ- খাদ্য সংকটö শীর্ষক সংবাদটি রাজ্যের গ্রামোন্নয়ন দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, এমজিএনরেগা একটি চাহিদা ভিত্তিক প্রকল্প যেখানে কাজ চাওয়ার ১৫ দিনের মধ্যে কাজ প্রদান করার বিধান রয়েছে এবং রাজ্যেও তা প্রদান করা হয়ে থাকে। গত ২০২৪-২৫ ইং অর্থ বছরে রাজ্যে মোট বাজেট বরাদ্দ ছিল ৩ কোটি শ্রম দিবস। কিন্তু রাজ্য ৩ কোটি ৫৩ লক্ষ শ্রম দিবস সৃষ্টি করেছে। রাজ্যে গড়ে ৬০দিন কাজ হয়েছে, যেখানে জাতীয় গড় শ্রমদিবস ছিল মাত্র ৫০ দিন। দেশের মধ্যে গড় শ্রমদিবসের দিক দিয়ে রাজ্যের স্থানগত অবস্থান ছিল সপ্তম। বর্তমান অর্থ বৎসরে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য প্রাথমিকভাবে ৩ কোটি ৫০ লক্ষ শ্রমদিবস বরাদ্ধ করেছে যা পরবর্তী সময়ে পুনর্বিবেচনার মাধ্যমে আরো বৃদ্ধি করা হতে পারে। বর্তমান অর্থবছরের ৫ই আগস্ট ২০২৫ অব্দি রাজ্যে ১ কোটি ১৪ লক্ষ শ্রম দিবস সৃষ্টি হয়েছে যেখানে, শ্রমিকরা চাহিদার ভিত্তিতে গড়ে ২২ দিন করে কাজ পেয়েছেন। এমজিএনরেগাতে গত ২০২৪-২৫ ইং অর্থ বছরে রাজ্যে মোট ব্যয় হয়েছে ১১০৭ কোটি ৭২ লক্ষ টাকা এবং বর্তমান অর্থ বৎসরে ৫ই আগস্ট ২০২৫ ইং অব্দি ব্যয় ৩৬৮ কোটি ২০ লক্ষ টাকা হয়েছে। বর্ত্তমানে রাজ্যে প্রদেয় মজুরীর পরিমান হল ১৬ কোটি ৯০ লক্ষ টাকা যার মধ্যে খোয়াই জেলায় প্রদেয় মজুরীর পরিমান হচ্ছে ২ কোটি ৩ লক্ষ টাকা। কেন্দ্রীয় সরকার গত ২৭ শে জুলাই ২০২৫, ২১৩ কোটি ৫৯ লক্ষ টাকা অনুমোদন প্রদান করেছে। আশা করা যায় এর ফলে রাজ্যের সমস্ত বকেয়া মজুরী প্রদান করা সম্ভব হবে। বলা বাহুল্য রেগার শ্রমদিবসের মজুরীর অর্থ প্রদান সম্পূর্ণরূপে কেন্দ্রীয় সরকার কর্তৃক নিয়ন্ত্রিত যা রাজ্য সরকারের আওতার বাইরে। কেন্দ্রীয় সরকার শ্রমিকদের মজুরী সরাসরি তাদের ব্যাঙ্ক একাউন্ট এ প্রদান করে থাকে। বর্তমান অর্থ বৎসরে ৫ই আগস্ট ২০২৫ অব্দি রাজ্যের খোয়াই জেলায় কাজের চাহিদা অনুযায়ী ব্যয় হয়েছে ৪৫ কোটি ৩৬ লক্ষ টাকা এবং খোয়াই জেলার অন্তর্গত তেলিয়ামুড়া ব্লকে ব্যয় হয়েছে ৮ কোটি ৫৫ লক্ষ টাকা। তাই এটা সহজেই অনুমেয় যে রাজ্যে এমজিএনরেগা প্রকল্প বাস্তবায়নে কোনো প্রকার ঘাটতি নেই।

*********